দৈনিক খবর

তারিখ ... 31 DEC 1990
পৃষ্ঠা ... ৫/৬ ... কলাম ... 2 ...

79

## যশোর শিক্ষা বোর্ড

# প্রায় চার হাজার এসএসসি পরীক্ষার্থী দণ্ডিত

যশোর, ৩০শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– যশোর বোর্ডের অধীন ১৯৯০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অসদুপায় অবলম্বন, দুর্নীতির আশ্রয় গ্রহণ, অসদাচরণ প্রদর্শন, পরীক্ষা পরিচালনা বিধি বহির্ভূত কার্যকরণ প্রভৃ। অভিযোগের ভিত্তিতে মোট তিন হাজার পাঁচশ' আটাত্তর জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হযেছে।

বোর্ডের একটি সূত্র থেকে জানা যায়, পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও প্রধান পরীক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে গত ১৬ই নভেম্বর বোর্ডের শৃংখলা কমিটির এক সভায় এই ব্যবস্থা গ্রহণ করা হয়।

জানা যায়, দুই হাজার ৪৬৭ জনের ১৯৯০ সালের পরীক্ষা বাতিল করা হয়েছে। এক হাজার ২৩ জনের '৯০ সালের পরীক্ষা বাতিলসহ '৯১ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হয়েছে। এদের ৬৫ জনের '৯০ সালের পরীক্ষা বাতিলসহ '৯২ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হয়েছে।

কমিটি ৪ জনের বিরুদ্ধে আনীত অভিযোগের আরো তদন্তের জন্য শাস্তিদান স্থগিত রেখেছে এবং ১৭ জনের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের ফল প্রকাশ করা হয়েছে।

উল্লেখ্য, গত এসএসসি পরীক্ষায় সর্বোচ্চ সংখ্যক ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঝালকাঠির জেলা রাজাপুর পরীক্ষা কেন্দ্রে। এ কেন্দ্রের ২৪৯ জনকে এবং ঝালকাঠি কেন্দ্রের ২৪১ জনকে শাস্তি দেয়া হয়েছে।